

কি সেবা কিভাবে পাবেন

তথ্য অধিকার আইন, ২০০৯ মোতাবেক নিম্নোক্ত পদ্ধতি অনুসরণপূর্বক বাংলাদেশের নাগরিক যে কোন সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানের কাঙ্ক্ষিত তথ্য পেতে পারেন। এই আইনের আওতায় যে কোন সরকারী-বেসরকারী দপ্তরের/ কার্যালয়ে তথ্য পেতে আপনাকে সংশ্লিষ্ট দপ্তরের/কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগ করতে হবে। আবেদনকারীকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট নির্দিষ্ট নমুনা/ফরমেটে আবেদনপত্র সরাসরি/ই-মেইলে আবেদন করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদন পাওয়ার পর ২০ (বিশ) দিনের মধ্যে ক্ষেত্র বিশেষে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সফট/ই-মেইল/প্রিন্টেড কপি/ফটোকপি/সিডি কপি তথ্য প্রদান করবেন। কোন কারণে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্য প্রদানে অপারগ হলে, আবেদনকারীকে নির্ধারিত পদ্ধতি/ফরমেটে অনুসরণপূর্বক ১০ (দশ) দিনের মধ্যে লিখিতভাবে অবহিত করবেন। আবেদনকারী তথ্য না পেলে বা কোন প্রকার সংক্ষুব্ধ হলে নির্দিষ্ট কর্তৃপক্ষের (নির্ধারিত নমুনা/ফরমে) নিকট আপিল করতে পারবেন। আপীল কর্তৃপক্ষ আবেদন পাওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে আপীল নিষ্পত্তি করবেন।